JUSTICE AGENDA
NO TIME TO WAIT

**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/16/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# জন এফ কেনেডি (JOHN F. KENNEDY, JFK) সেন্ট্রাল হাব এর জন্য বিশ্ব-মানের নকশাকার এবং ডেভেলপারদের কাছ থেকে মতামত ও ধারণার জন্য বন্দর কর্তৃপক্ষের অনুরোধের কথা ঘোষণা করলেন গভর্নর কুওমো

***পুনর্নির্মিত JFK-এ স্পন্দনশীল মিশ্র-ব্যবহার্য শহুরে সবুজ স্থান (Vibrant Mixed-Use Urban Greenspace) ভ্রমণকারী এবং বিমানবন্দরের কর্মচারীদেরকে সমভাবে সেবা দান করবে***

***উন্নয়ন প্রক্রিয়ার প্রথম ধাপ - ভবিষ্যত প্রস্তাবের অনুরোধ (Request for proposal, RFP) প্রতিক্রিয়ার মাধ্যমে জানা যাবে***

***এটি JFK কে একটি আধুনিক, সমন্বিত বিমানবন্দরে পরিণত করার গভর্নরের 13 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পকে আরও এগিয়ে নিল***

***তথ্যের জন্য অনুরোধ (Request for information, RFI) পাওয়া যাবে এখানে***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেন যে, নিউইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey) পুনর্নির্মিত জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরের কেন্দ্রস্থলে প্রায় 14 একর মিশ্র-ব্যবহার্য স্থান নিয়ে JFK সেন্ট্রাল এর নকশা ও উন্নয়নের লক্ষ্যে তথ্যের জন্য অনুরোধ করছে। এই নতুন স্থান বর্তমান সময়ের ভ্রমণকারী এবং কর্মচারীদের সেবাদানে কেন্দ্রীয়-এলাকায় উন্মুক্ত বাণিজ্যিক ও বিনোদনমূলক স্থান তৈরির এবং বর্তমানে JFK এর চলমান বিস্তৃত রূপান্তর সদ্ব্যবহারের সুযোগ প্রদান করছে।

"বিমানবন্দর হল নিউইয়র্কের সম্মুখ দ্বার, তাই JFK বিমানবন্দরকে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পর্যটকদের জন্য একটি উদ্ভাবনমূলক, আধুনিক এবং উপযোগী স্থান হিসাবে রূপান্তর করাটা আমাদের জন্য জরুরি", **গভর্নর কুওমো বলেন।** "আমরা 13 বিলিয়ন ডলারের রূপান্তর পরিকল্পনা নিয়ে এগিয়ে যাচ্ছি যা এই বিমানবন্দরকে 21 শতকের জন্য বর্ণাঢ্যরূপে পুনর্নির্মাণ করবে এবং সে প্রচেষ্টার অংশ হিসাবে JFK সেন্ট্রাল আরও সমন্বিত বিমানবন্দর তৈরি করে অবশিষ্ট বিশ্বের কাছে আমাদের দেশের প্রধান প্রবেশপথ হিসাবে নিউইয়র্কের অবস্থান আরও দৃঢ় করবে।"

RFI হল JFK-এর জন্য গভর্নর কুওমোর 13 বিলিয়ন মার্কিন ডলারের ভবিষ্যত স্বপ্ন পরিকল্পনার পথে সর্বশেষ ধাপ, যা 2018 সালের অক্টোবর মাসে প্রকাশ করা হয়। এই রেকর্ড বিনিয়োগ, যার 90 শতাংশ আসছে ব্যক্তিখাতের তহবিল থেকে, একটি সমন্বিত এবং পরস্পর সংযুক্ত বিমানবন্দরের

আহ্বান জানাচ্ছে যেখানে থাকবে যাত্রীদের জন্য অত্যাধুনিক সুযোগসুবিধাসহ দু'টি নতুন আন্তর্জাতিক টার্মিনাল, ভূমি ভিত্তিক ভ্রমণের জন্য সুবিধাজনক পরিবহন বিকল্প, এবং ব্যাপকভাবে সরলীকৃত রাস্তা যার ফলে বিমানবন্দরের সক্ষমতা বৃদ্ধি পেয়ে এর ধারণক্ষমতা বার্ষিক অন্তত 15 মিলিয়ন যাত্রীতে উন্নীত হবে।

"ভ্রমণ অভিজ্ঞতার আধুনিকায়নের জন্য আমরা JFK বিমানবন্দর এবং অঙ্গরাজ্যব্যাপী বিমানবন্দরসমূহের জন্য উল্লেখযোগ্য বিনিয়োগ করছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমাদের JFK এর রূপান্তরের অংশ হিসাবে মিশ্র-ব্যবহার্য স্থানের পরিকল্পনা অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি এবং ভ্রমণকারীদের শ্রেয়তর সেবা প্রদানের লক্ষ্যে বাণিজ্যিক এবং বিনোদনমূলক সুযোগ প্রদান করবে। বিমানবন্দরের আধুনিকীকরণ হল সহজ ও নিরাপদ ভ্রমণ নিশ্চিতকরণ, নিউইয়র্কের পর্যটন শিল্পের উন্নয়ন এবং আগামী প্রজন্মের জন্য আমাদের অর্থনীতিকে শক্তিশালী করার ক্ষেত্রে আমাদের সামগ্রিক প্রচেষ্টার অংশ।"

RFI বহুমুখী বাণিজ্যিক উন্নয়ন বা বৃহৎ আকারের উন্মুক্ত স্থনের নকশা প্রণয়ন, উন্নয়ন ও পরিচালনার ক্ষেত্রে বিশেষজ্ঞ প্রতিষ্ঠানসমূহের কাছ থেকে তথ্য সংগ্রহ করবে। আমস্টারডাম, জুরিখ এবং সিঙ্গাপুরেরসহ বিশ্বের আধুনিক বিমানবন্দরসমূহ এই প্রকল্পে উদাহরণ হিসাবে ভূমিকা রাখবে, কারণ এসব স্থাপনা প্রস্তাবিত JFK সেন্ট্রাল অবকাঠামোর মতো বিমানবন্দর কমিনিটির সেবায় সফলভাবে মিশ্র-ব্যবহার্য স্থান তৈরি ও রক্ষণাবেক্ষণ করেছে। JFK সেন্ট্রাল এর সম্ভাব্য ব্যবহারের মধ্যে রয়েছে তবে দোকান এবং পপ-আপ ও খাবার ট্রাকসহ ডাইনিং; অফিসের স্থান; এবং বিনোদনমূলক ও সাংস্কৃতিক উপকরণ এবং বিমানবন্দরের যাত্রী ও কর্মীদের জন্য ইভেন্ট, তবে তা এতেই সীমাবদ্ধ নয়:।

একেবারে নতুন ভূমি ভিত্তিক পরিবহন কেন্দ্রের উপরে নির্মিত JFK সেন্ট্রাল হবে JFK বিমানবন্দরের মাঝখানে অবস্থিত অত্যন্ত ভালোভাবে দৃশ্যমান উন্মুক্ত স্থান, যা কেন্দ্রীয় টার্মিনাল এলাকার নতুন টার্মিনাল 1 এবং টার্মিনাল 4 থেকে অতি সহজে প্রবেশযোগ্য, এবং বিমানবন্দরের সমস্ত যাত্রী ও কর্মচারী এ থেকে সেবা পাবেন। উত্তরদাতাদের বাণিজ্যিক উপাদান, উন্মুক্ত স্থান উপাদান, বা উভয়টির জন্য মতামত ও ধারণা জমা দিতে উৎসাহিত করা হচ্ছে।

পুনর্নির্মিত বিমানবন্দরের সমন্বয় ও ব্র্যান্ডিং করার পাশাপাশি বন্দর কর্তৃপক্ষ JFK সেন্ট্রাল প্রকল্পকে JFK পুনর্নির্মাণের বৃহত্তর কমিউনিটি সম্পর্কের উদ্দেশ্যে এগিয়ে নিতে চায়। এর মধ্যে স্থানীয়, সংখ্যালঘু-মালিকানাধীন ও নারী-মালিকানাধীন ব্যবসার সুযোগ বৃদ্ধি; স্থানীয় বাসিন্দাদের JFK-এ কর্মসংস্থানের সুযোগের সাথে যুক্ত করা; বিমানচালনা এবং বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, এবং গণিত (Science, technology, engineering, and mathematics, STEM) শিক্ষার উন্নয়ন; এবং পরিবেশগতভাবে দায়িত্বশীলতার ক্ষেত্রে বিমানবন্দরের উন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে।

**বন্দর কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক রিক কটন বলেন,** "সেন্ট্রাল হল JFK বিমানবন্দরকে সম্পূর্ণরূপে একটি আধুনিক, বিশ্বমানের অবকাঠামোতে রূপান্তরের এক সৃজনশীল, গ্রাহক কেন্দ্রিক উপাদান। এই বিমানবন্দর প্রতিবছর নিউইয়র্কে 62 মিলিয়ন যাত্রীকে স্বাগত জানায় বিধায় আশা করা যায় যে, সেটা JFK এর সেন্ট্রাল হাবে প্রাণ সঞ্চার করবে।. যাত্রী সংখ্যা এবং স্থানীয় কুইন্স সম্প্রদায়ের সাথে

উল্লেখযোগ্য অর্থনৈতিক সম্পৃক্ততার দিক থেকে বিমানবন্দরের বছর ওয়ারি প্রবৃদ্ধির কারণে, JFK সেন্ট্রালে অত্যন্ত উদ্ভাবনী বাণিজ্যিক ও বিনোদনমূলক প্রতিষ্ঠান আকর্ষণের ক্ষেত্রে অনন্য অবস্থানে রয়েছে JFK। এই অনুরোধের মাধ্যমে দেশের প্রধান আন্তর্জাতিক গেটওয়েতে যাত্রী অভিজ্ঞতা ব্যাপকভাবে সমৃদ্ধ করতে সারা বিশ্ব থেকে মতামত ও প্রস্তাব চাওয়া হচ্ছে।"

প্রাথমিকভাবে 2017 সালের জানুয়ারি মাসে উন্মোচিত এবং বিমানবন্দর সংক্রান্ত উপদেষ্টা প্যানেলের সুপারিশের ভিত্তিতে প্রণীত গভর্নরের JFK ভিশন পরিকল্পনায় পুরানো টার্মিনালগুলো ভেঙ্গে; অব্যবহৃত স্থান কাজে লাগিয়ে; বিমানবন্দর অবকাঠামোর আধুনিকায়ন করে; এবং একটি বহুতল কার্গো আধুনিকীকরণ কর্মসূচি তৈরি করে; যাত্রী সুবিধা এবং প্রযুক্তিগত উদ্ভাবনের সর্বশেষ উদ্ভাবন অন্তর্ভুক্ত করে বিমানবন্দরের যত্রতত্র আটটি পৃথক টার্মিনালকে একক JFK বিমানবন্দরে পরিণত করার আহ্বান জানানো হয়েছে।

পরিকল্পনার লক্ষ্যগুলির মধ্যে রয়েছে গেট এর সংখ্যা এবং আকার বৃদ্ধি করা, পার্কিং এর জায়গা বাড়ানো, টার্মিনালের পাশে ট্যাক্সি যাতায়াতের রাস্তা চওড়া করা যাতে বড় প্লেন এলেও ভীড় বা ধাক্কাধাক্কি না হয়, বর্ধিত যাত্রী সংখ্যা সামলানোর জন্য AirTrain JFK সিস্টেম উন্নীত করা, এবং বিমানবন্দরে এয়ারপোর্টে প্রবেশ করার বা বিমানবন্দর থেকে প্রস্থান করার রাস্তা বাড়ানো। এতে আঞ্চলিক সড়কগুলো থেকে JFK-এ আরও ভালভাবে প্রবেশ সুবিধা অন্তর্ভুক্ত রয়েছে। যানজট নিরসনে, বিশেষ করে কিউ গার্ডেনস এর সাথে ভ্যান উইক এক্সপ্রেসওয়ের সংযোগস্থল এবং প্রচণ্ড যানজট পূর্ণ ভ্যান উইকের যানজট নিরসনের উদ্দেশ্যে নিউইয়র্ক অঙ্গরাজ্যের পরিবহন বিভাগ (Department of Transportation) মহাসড়ক উন্নয়নে 1.5 বিলিয়ন মার্কিন ডলারের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। এর লক্ষ্য হল নগরীর মধ্যস্থল ম্যানহাটন এবং বিমানবন্দর মধ্যে যানবাহনের যাতায়াতের সময় কমিয়ে আনতে সহায়তা করা।

গত ফেব্রুয়ারিতে গভর্নর ঘোষণা করেন যে, এই বিমানবন্দরকে দেশের জন্য একটি আধুনিক একবিংশ শতাব্দীর গেটওয়ে হিসেবে তৈরি করার গভর্নরের ব্যাপক পরিকল্পনার অংশ হিসেবে JFK-এর ৪ টি টার্মিনালে গ্রাহক অভিজ্ঞতা সমৃদ্ধ করতে আমেরিকান এয়ারলাইন্স ও ব্রিটিশ এয়ারওয়েজ 344 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। মার্চ মাসে কুইন্স এর জ্যামাইকায় একটি নতুন কমিউনিটি আউটরিচ অফিস (community outreach office) খোলার ঘোষণা দেন গভর্নর, যা স্থানীয় অধিবাসীদের চাকরি ও ঠিকাদারির সুযোগের কেন্দ্র হিসাবে কাজ করবে। এপ্রিল মাসে গভর্নর কুওমো JFK এয়ার কার্গো লিমিটেড (JFK Air Cargo LLC) এর সঙ্গে দীর্ঘমেয়াদি ইজারা চুক্তি স্বাক্ষর করার মাধ্যমে বিমানবন্দরে অত্যাধুনিক হ্যান্ডলিং অবকাঠামো গড়ে তুলতে বহুতল কার্গো আধুনিকীকরণ পরিকল্পনার দ্বিতীয় পর্যায়ের ঘোষণা দেন। মে মাসে গভর্নর সরকারি-সরকারি খাতের অংশীদারিত্বে আবাসন উন্নয়ন কোম্পানি MCR এর উদ্যোগে নির্মিত ঐতিহাসিক ট্রান্স ওয়ার্ল্ড এয়ারলাইন্স হোটেলের (TWA Hotel) উদ্বোধন ঘোষণা করেন, যা JFK বিমানবন্দর চত্বরের প্রথম হোটেল।

এছাড়া JFK স্বপ্ন পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে জেটব্লু (JetBlue) এবং JFK মিলেনিয়াম পার্টনার্স (JFK Millennium Partners) বিমানবন্দরের উত্তর পাশে 3 বিলিয়ন ডলার মূল্যের 1.2 মিলিয়ন স্কয়ার ফুট নতুন টার্মিনাল নির্মাণ করছে যা এয়ারলাইন্সটির বিদ্যমান টার্মিনাল 5 এর

সাথে যুক্ত হবে। বিমানবন্দরের দক্ষিণ পাশে বিদ্যমান টার্মিনাল 1 ও 2 এর অবস্থান এবং 2014 সালে টার্মিনাল 3 ভেঙ্গে ফেলার ফলে সৃষ্ট খালি স্থানে আরেকটি নতুন 7 বিলিয়ন ডলার মূল্যের 2.9 স্কয়ার ফুটের টার্মিনাল তৈরি করা হবে। দক্ষিণ পাশের নতুন টার্মিনালটি নির্মাণ করবে টার্মিনাল ওয়ান গ্রুপ (Terminal One Group), যা হল লুফথানসা (Lufthansa), এয়ার ফ্রান্স (Air France), জাপান এয়ারলাইন্স (Japan Airlines) এবং কোরিয়ান এয়ারলাইন্স (Korean Air Lines) এই চারটি আন্তর্জাতিক এয়ারলাইনসের একটি সহায়-সঙ্ঘ।

2018 সালের অক্টোবরে গভর্নরের ঘোষণার পর নির্বাচিত কর্মকর্তা, কমিউনিটি বোর্ড, অলাভজনক সংস্থা, নাগরিক সংগঠন এবং পাদরি নেতাদের সমন্বয়ে এবং কুইন্স বরো সভাপতি মেলিন্দা কার্টজ ও মার্কিন কংগ্রেস সদস্য গ্রেগরি মিক্স এর সভাপতিত্বে গঠিত JFK পুনর্নির্মাণ কমিউনিটির উপদেষ্টা পরিষদ বন্দর কর্তৃপক্ষের সাথে ইতিমধ্যেই চলমান কমিউনিটি আউটরিচ প্রচেষ্টা সম্প্রসারণের লক্ষ্যে কাজ করছে, এই উচ্চাভিলাষী প্রকল্প স্থানীয় স্টেকহোল্ডারদের কাছে থেকে অব্যাহত প্রতিক্রিয়া গ্রহণের পাশাপাশি স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠান, সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসা উদ্যোগের (Minority and Women-owned Business Enterprise, MWBE) ব্যবসা প্রতিষ্ঠান এবং চাকরি প্রত্যাশীদের জন্য ফলপ্রসু সুযোগ নিশ্চিত করবে। এর মধ্যে রয়েছে MWBE এর 30 শতাংশ ব্যবহার সংক্রান্ত গভর্নরের জাতিকে নেতৃত্ব দানকারী প্রতিশ্রুতি, যা চুক্তি এবং অর্থায়নের সুদের ক্ষেত্রে প্রযোজ্য।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন